দৈনিক সংবাদ

তারিখ 23 APR 1989
পৃষ্ঠা ৪ কলাম ৪
Letters

011

## ফল প্রকাশের আবেদন

আমরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৮২-৮৩ সেশনের ছাত্র যাদের মাষ্টার ডিগ্রী পরীক্ষা হওয়ার কথা ছিল ১৯৮৬ সালে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ১৯৮৬ সালের পরীক্ষা ১৯৮৮-৮৯-এর ডিসেম্বর ও জানুয়ারীতে অনুষ্ঠিত হয়েছে। সাত বছর পর আজও আমাদের ভাগ্যে হয়নি সেই আকাঙ্ক্ষিত মাষ্টার ডিগ্রীর সার্টিফিকেট পাওয়া! সেজন্য চাকরির বয়সসীমা কারো কারো শেষ এবং শেষের পথে আরো অনেকের। মাষ্টার ডিগ্রী সার্টিফিকেট ব্যতীত কোথাও দরখাস্ত করা যায় না। এবং এ্যাপিয়ারিং সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করলে ইন্টারভিউ কার্ড পাওয়া যায় না। এমতাবস্থায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন অনতিবিলম্বে মাষ্টার ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ করে বেকারত্বের অভিশাপ থেকে রক্ষা পাওয়ার সুযোগ দিন।

পরীক্ষায় অংশ গ্রহণকারী
অসহায় ছাত্র-ছাত্রী বৃন্দ।